দৈনিক ইত্তেফাক

তারিখ ... 21 DEC 1997 ...
পৃষ্ঠা ৭ কলাম ৪

118

# আইডিয়াল স্কুলের প্রধান শিক্ষকের সাংবাদিক সম্মেলন

ইত্তেফাক রিপোর্ট ॥ আইডিয়াল স্কুল এণ্ড কলেজের অধ্যক্ষ ফয়জুর রহমান গতকাল শনিবার জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে প্রতিষ্ঠানের শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরাইয়া আনার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করিয়াছেন। সাংবাদিক সম্মেলনে স্কুলের গভর্নিং বডির চেয়ারম্যান সাবের হোসেন চৌধুরী এমপি'র বিরুদ্ধে বক্তব্য প্রদান করিয়া ফয়জুর রহমান বলেন, "১৯৯৫ সালে আমার চাকুরীর মেয়াদ যখন শেষ হইয়া আসে, তখন এই সুযোগকে কাজে লাগানোর জন্য স্কুলের কিছুসংখ্যক শিক্ষক বাহিরের কিছু স্বার্থান্বেষী মহলের যোগসাজসে বিভিন্ন ষড়যন্ত্রমূলক কর্ম প্রয়াস চালাইতে থাকে। দুরূহ পরিস্থিতিতে আমি স্কুল পরিচালনা করিয়া আসতেছিলাম। এক পর্যায়ে সাবের হোসেন সাহেব আসেন স্কুলের চেয়ারম্যান হিসাবে। স্কুল দখল কামনাকারী কিছুসংখ্যক শিক্ষক ও স্বার্থান্বেষী মহল বেশ তৎপর হইয়া উঠেন। আমার বিরুদ্ধে বিভিন্ন অপপ্রচার এবং স্কুল পরিচালনার ক্ষেত্রে বিঘ্ন সৃষ্টি করা হয়। ফলশ্রুতিতে স্কুলের গভর্নিং বডির সদস্যবৃন্দ ও আমি আইনের আশ্রয় নিতে বাধ্য হই। আদালতের রায় আমাদের পক্ষে আসার পরও সাবের হোসেন চৌধুরী নীতি বহির্ভূতভাবে স্কুলের ব্যাপারে ভূমিকা পালন করিয়া আসিতেছেন।

এক প্রশ্নের জবাবে ফয়জুর রহমান বলেন, 'আমার বিরুদ্ধে ডোনেশন-এর নামে কোটি কোটি টাকা আত্মসাৎ করার যে অভিযোগ তোলা হইয়াছে, তাহা ভিত্তিহীন। আমাকে হেয় প্রতিপন্ন করার জন্য এই ধরনের অপপ্রচার চালানো হইতেছে। অবিলম্বে এই ব্যাপারে তিনি আইনের আশ্রয় নিবেন বলিয়া জানান।'

SHEET —— OF —— SHEETS